


“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
হাজীগঞ্জ, চাঁদপুর।



তারিখঃ ২৫/০৮/২০২১খ্রিঃ

স্মারক নং-৩২.০১.১৩৪৯.০০০.০৮.০০১.২১.


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাবীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ” শীর্ষক প্রকল্পের কর্মসূচী বাস্তবায়নে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে ২৫(পঁচিশ) জন আগ্রহী মহিলাকে প্রশিক্ষণ গ্রহণের জন্য ফ্যাশন ডিজাইনার ট্রেড ২৫ জন এ প্রশিক্ষণার্থী হিসেবে আগামী সেপ্টেম্বর/২০২১ হইতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ৩(তিন) মাসের জন্য নিয়োগ করা হইবে। আগ্রহী মহিলা প্রার্থীগণ নিম্ন স্বাক্ষরিত তারিখ হইতে আগামী ০৯/১০/২০২১খ্রিঃ তারিখের মধ্যে নিম্নোল্লিখিত শর্ত ও যোগ্যতার ভিত্তিতে iga.dwa.gov.bd-এ সাইটে অনলাইনে ভর্তির জন্য আবেদন করিতে পারিবেন।

শর্ত ও যোগ্যতা :

১. প্রশিক্ষণার্থী প্রার্থীকে ন্যূনতম ৫ম শ্রেণী পাস হইতে হইবে এবং আবেদনের সাথে আইডি কার্ড/জন্ম সনদ, নাগরিকত্ব সনদ এবং শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি সংযুক্ত করিতে হইবে।
২. প্রশিক্ষণার্থী প্রার্থীর বয়স ১৭-৩৫ বছরের মধ্যে হইতে হইবে।
৩. ভর্তিকৃত কোন প্রশিক্ষণার্থী একাধারে ৩(তিন)দিন অনুপস্থিত থাকিলে তাহার ভর্তি বাতিল বলিয়া গন্য হইবে।
৪. ভর্তিকৃত প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ চলাকালীন সময়ে ছোট বাচ্চা নিয়ে অফিস/ক্লাশে আসা সম্পূর্ণ নিষিদ্ধ। বাচ্চা বাড়ীতে কাহারো দায়িত্বে রেখে অফিস/ক্লাশে আসা বাধ্যতামূলক করা হয়েছে।
৫. প্রশিক্ষণার্থী প্রার্থীগণকে সকাল ৯.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত অফিস/ক্লাশে উপস্থিত থাকার মনমানসিকতা থাকিতে হইবে।
৬. নির্বাচিত প্রশিক্ষণার্থীগণ মাসিক সর্বোচ্চ ২০ কর্মদিবস ২০০/- হারে ৬০ কর্মদিবসের ভাতা প্রাপ্য হইবেন।
৭. এতদসংক্রান্ত ব্যক্তির আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অতএব, আগ্রহী প্রার্থীগণকে নিম্ন স্বাক্ষরিত তারিখ হইতে অনলাইনে আবেদনসহ আগামী ১০/১০/২০২০খ্রিঃ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে ২কপি মূল আবেদন দাখিল করিতে হইবে। উল্লিখিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হইবে না।


(সানজিদা মজুমদার)


উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
হাজীগঞ্জ, চাঁদপুর।

স্মারক নং-৩২.০১.১৩৪৯.০০০.০৮.০০১.২১.

তারিখঃ ২৫/০৮/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক(স্কেড-১), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক(যুগ্ম সচিব), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব), ‘উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ’ শীর্ষক প্রকল্প, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।
৬. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর।
৭. উপপরিচালক, জেলা কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, চাঁদপুর।
৮. উপজেলা অফিস, হাজীগঞ্জ, চাঁদপুর।
৯. চেয়ারম্যান/সচিব, নং ইউনিয়ন, হাজীগঞ্জ, চাঁদপুর।
১০. অফিস কপি।


(সানজিদা মজুমদার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
হাজীগঞ্জ, চাঁদপুর।